

লুইজিয়ানায় আকাশলীনা'র বাৎসরিক বাংলা সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান
দক্ষিণের জানালায় বাংলার মুখ অনুষ্ঠিত

ভিওবিডি, লুইজিয়ানা থেকে



গত ৩০শে অক্টোবর শনিবার সন্ধ্যায় লুইজিয়ানা স্টেট ইউনিভার্সিটির ইন্টারন্যাশনাল কালচারাল সেন্টারে উদযাপিত হলো আকাশলীনার বাৎসরিক বাংলা সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি ও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ওয়াশিংটনে নিযুক্ত বাংলাদেশের সম্মানিত রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের। শুভেচ্ছা বক্তব্য রাখেন ইউনিভার্সিটি অব নিউ অরলিন্স-এর জিউ ফিজিক্সের অধ্যাপক বিশিষ্ট কবি ও লেখক ডঃ মোস্তফা সারওয়ার এবং সাউদার্ন ইউনিভার্সিটি অব ব্যাটন রুজের ইংরেজী বিভাগের অধ্যাপক বিশিষ্ট লেখক ডঃ মুনীর মুজতবা আলী। অনুষ্ঠানে সমবেত হন লুইজিয়ানা, এলাবামা ও মিসিসিপি থেকে আগত বাংলা সাহিত্য ও সংস্কৃতি প্রেমী সকল বাংলাদেশী। “দক্ষিণের জানালায় বাংলার মুখ” শিরোনামে আকাশলীনা আয়োজিত নির্জলা এ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিণত হয় বাঙ্গালী ও বাংলাদেশী কবি, লেখক, শিল্পী ও বাংলা সংস্কৃতি-প্রেমীদের এক মিলন মেলায়।



অনুষ্ঠানে প্রবাসী লেখক ও কবিদের লেখা নিয়ে কামরুন জিনিয়ার সম্পাদনায় একটি স্যুভেনিয়র প্রকাশিত হয়। যাত্রা শুরু করে ‘আকাশলীনা’-র নতুন ওয়েবসাইট (www.thorathobolpamth.sdb)। রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের আকাশলীনা-র নতুন এ ওয়েবসাইটের শুভ উদ্বোধন করেন। এ ওয়েবসাইটে ‘আকাশলীনা’ সাহিত্য সংকলনে বিভিন্ন সময়ে এবং বছরে লেখা প্রবাসী কবি ও লেখকদের কবিতা, ছোটগল্প, প্রবন্ধ ও কলাম ইলেকট্রনিক্যালি সংরক্ষিত থাকবে। রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের শত ব্যস্ততার মাঝেও লুইজিয়ানা বাংলাদেশীদের আমন্ত্রণে ছুটে আসেন এবং প্রবাসে বাংলা সাহিত্য ও সংস্কৃতি চর্চা বিকাশে প্রবাসী বাঙ্গালীদের ভূমিকা ও দায়িত্ব যে অনেক তাতে জোড়ালো বক্তব্য রাখেন। তিনি বলেন, একটি জাতির পরিচয় ফুটে ওঠে তার সংস্কৃতিতে, তাই প্রয়োজন প্রবাসে আমাদের বাংলা সাহিত্য ও সংস্কৃতির একটি সাংস্কৃতিক পরিমন্ডল গড়ে তোলা, বাঙ্গালী সংস্কৃতিকে সঞ্জীবিত রাখা। রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদেরকে লুইজিয়ানা, এলাবামা ও মিসিসিপি থেকে আসা সকল বাঙ্গালী ও বাংলাদেশীদের পক্ষ থেকে শ্রদ্ধা, ধন্যবাদ ও ভালোবাসা জানিয়ে প্রদান করা হয় সম্মানসূচক অ্যাওয়ার্ড।



অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে আয়োজন করা হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের। স্থানীয় শিল্পী, কবি ও লেখকবৃন্দ ছাড়াও নেস্কারিডা থেকে গান করতে আসেন এটিএন-বাংলা ‘তারকাদের তারকা’ খ্যাত সুমন সিরাজী এবং এলাবামা থেকে ব্যান্ড দল ‘অডিসি’। তাদের পরিবেশিত হৃদয়গ্রাহী বাংলা গান দর্শকদের ধরে রাখে মধ্যরাত পর্যন্ত। অনুষ্ঠানে স্বরচিত/বিরচিত ‘কবিতা পাঠের আসরে’ অংশগ্রহণ করেন কবি ডঃ আনসারী খান, আবদুল্লাহ নোমান, ডঃ সৈয়দ আবদুল মজিদ, ডঃ সাদেকা তামান্না, মন্দিরা সেনগুপ্ত, অর্নব ও কামরুন জিনিয়া। দেশাত্ববোধক গান, ছড়া, কবিতা ও পিয়ানো পরিবেশন করেন দ্বিতীয় প্রজন্মের হৃদিতা জামান, অর্নব, অয়ন, প্রিয়তি মাহজাবিন হক, আযমাইন ও সাদমান আলমগীর, অনূষা জামান ও নামিরা আফরীন পারভেজ। নাচে অংশ নেয় অদ্রিজা ও হৃদিতা জামান। পারভীন সুলতানার পরিচালনায় বিশেষ গীতিনাট্যে অংশ নেয় ফাতেমা চৌধুরী প্রজ্ঞা ও সুমাইতা চৌধুরী, যা দর্শকদের অভিভূত করে। স্থানীয় শিল্পীদের মধ্যে আরও গান করেন আনন্দী দত্ত, নিউ অরলিন্স থেকে প্রতিভাবান শিল্পী সুমাইতা চৌধুরী, মনরো

লুইজিয়ানা থেকে ডঃ রেজাউল ইসলাম, মিসিসিপি থেকে ডঃ ইফতেখার উল্লাহ, ডঃ সাদেকা তামান্না, ডঃ আলমগীর হোসেন ও সালমা আলমগীর রেখা। মুক্তিযুদ্ধ নিয়ে নিজের লেখা একক নাটিকাতে অভিনয় করেন নাফিউল হক নাফি এবং হুমায়ূন আহমেদ-এর ঝপ্পুবিলাস-এ একক অভিনয় করেন ডঃ শায়লা খান। অনুষ্ঠান উপস্থাপনার বিভিন্ন পর্যায়ে অংশগ্রহন করেন ডঃ শাবানা করিম, তুষার লিয়াকত, নুসরাত শারমিন ও কামরুন জিনিয়া। ছবি তুলেছেন ইমরান আকন্দ সজীব, ভিডিও রেকর্ডিং-এ সহায়তা করেছেন ডঃ ইফতেখার উল্লাহ, সাউন্ড সিস্টেমে আনিস ও অর্ক খান সার্বক্ষনিক সহযোগিতা করেন।

প্রবাসে দ্বিতীয় প্রজন্মের সামনে বাংলা সাহিত্য ও সংস্কৃতিকে তুলে ধরতে ও নিরন্তর এর সৃজনশীল চর্চাকে গুরুত্ব দিয়ে আয়োজিত ‘দক্ষিণের জানালায় বাংলার মুখ’-এ অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ডঃ রিয়াজ ফেরদৌস শিবলী ও ‘আকাশলীনা’ সাহিত্য সংকলন-এর সম্পাদক কামরুন জিনিয়া।